# MODEL ANSWER
# SEMESTER IV
# Microeconomics II & Indian Economy

## Microeconomics II

☐ একচেটিয়া বাজার (Monopoly Market)

বৈশিষ্ট্য (Features)

→ বাজারে একজন মাত্র উপস্থিত (only one seller)

→ বিকল্প দ্রব্য অনুপস্থিত (No substitute good available)

→ নতুন বিক্রেতার প্রবেশে বাধা (barriers to new entry)

→ বাজারে একটি মাত্র ফার্ম থাকায় ঐ ফার্মটিই সমগ্র শিল্প হিসাবে বিবেচিত (Single firm Industry)

→ ফার্ম দাম নির্মাতা (Price maker)

* মুনাফা সর্বোচ্চকরণের শর্ত (conditions for profit maximization under monopoly).

(a) MC = MR

(b) MC-এর পরিবর্তনের হার MR-এর পরিবর্তনের হারের তুলনায় অধিক। (Slope of MC is greater than slope of MR.

একচেটিয়া কারবারের ক্ষমতার পরিমাপ (Measure of Monopoly power)

$$\text{Lerner index} = \frac{P - MC}{P}$$

একচেটিয়া কারবারে দাম পৃথকীকরণ (Price discrimination)

(1) প্রথম মাত্রার দাম পৃথকীকরণ (First degree price discrimination)

(2) দ্বিতীয় মাত্রার দাম পৃথকীকরণ (Second degree price discrimination)

(3) তৃতীয় মাত্রার দাম পৃথকীকরণ (third degree price discrimination.

## □ একচেটিয়ামূলক প্রতিযোগিতার বাজার (Monopolistic competition)

→ এই বাজারের ধারণা দিয়েছিলেন এডুইন চেম্বারলিন. (concept of this market given by Edwing H. chamberlin).

→ এই বাজারেও বহু সংখ্যক ক্রেতা ও বিক্রেতা থাকে। (There are large no. of buyers and sellers).

→ দ্রব্য বিভেদকরন ~~এই~~ উপস্থিত। ফার্মগুলি পরস্পর পরিবর্ত দ্রব্য বিক্রয় করে তাই ~~বিজ্ঞাপন~~ বিজ্ঞাপন ব্যয়ও ~~অনেক বেশি~~ উপস্থিত। (As the firms are ~~sa~~ selling substitute products, there is advertisement cost and product differentiation.

→ অবাধ প্রবেশ ও প্রস্থান (Free entry and exit).

→ এই বাজারে পূর্ণপ্রতিযোগিতার ও একচেটিয়া উভয় বাজারের বৈশিষ্ট্য উপস্থিত। (The features of both Perfect competition and ~~a~~ monopoly market are present in this market.)

## একচেটিয়ামূলক প্রতিযোগিতা

□ এই বাজারে একচেটিয়া ও পূর্ণাঙ্গ প্রতিযোগিতা উভয় প্রকার বাজারের বৈশিষ্ট্য লক্ষ্য করা যায়।

□ অর্থনীতিবিদ Edwin Chamberlin তাঁর লেখা "The Theory of Monopolistic Competition: Re-orientation of the Theory of Value" (1933) নামক গ্রন্থে এই বাজার সম্পর্কে আলোচনা করেন।

পরবর্তীকালে ~~Joan~~ অর্থনীতিবিদ Joan Robinson তাঁর "The Economics of Imperfect Competition" বইটিতে এ বিষয়ে ধারণা দিয়েছেন।

### □ একচেটিয়ামূলক প্রতিযোগিতার বাজারের বৈশিষ্ট্য

1. বহু সংখ্যক ক্রেতা ও বিক্রেতার উপস্থিতি।
2. প্রতিটি বিক্রেতা পৃথকীকৃত দ্রব্য বিক্রয় করেন, বিক্রেতা অনুযায়ী দ্রব্যের পার্থক্য বিভিন্ন দিক থেকে হতে পারে। যেমন— দ্রব্যের গুণগত মান, Brand Name, Packaging ইত্যাদি। অর্থাৎ এই দৃষ্টিকোণ থেকে প্রতিটি বিক্রেতাই একচেটিয়া কারবারি।

   কিন্তু একচেটিয়া কারবারির ক্ষেত্রে কোনো ঘনিষ্ঠ পরিবর্ত দ্রব্য থাকে না, এই ধরনের বাজারে ঘনিষ্ঠ পরিবর্ত দ্রব্য থাকে। তাই বিক্রয়ের ক্ষেত্রে বিক্রেতাকে প্রতিযোগিতার সম্মুখীন হতে হয়।

3. ফার্মের প্রবেশ ও নির্গমনের ওপর বিশেষ কোনো বাধা নিষেধ নেই।
4. ফার্মের মূল উদ্দেশ্য মুনাফা সর্বোচ্চ করা।
5. এই ধরনের বাজারে ~~বি~~ বিজ্ঞাপন-এর বিশেষ গুরুত্ব আছে। বিজ্ঞাপন-এর মাধ্যমে বিক্রেতারা তাঁর দ্রব্য

সম্পর্কে তথ্য ক্রেতাদের কাছে পৌঁছে দেন।

বিভিন্ন দ্রব্যগুলি পরস্পর পরিবর্ত হলেও, বিজ্ঞাপনের মাধ্যমে ক্রেতাদের মনে দ্রব্যগুলি সম্পর্কে পৃথক ধারণার সৃষ্টি করা হয়। একে বলা হয় দ্রব্য বিভেদকরণ বা দ্রব্য প্রভেদকরণ।

□ দ্রব্য প্রভেদকরণ → এর প্রধান উদ্দেশ্য হল ক্রেতাদের মনে নিজ ফার্মের দ্রব্য সম্পর্কে ভিন্ন ধারণা সৃষ্টি করা অন্যান্য ফার্মের দ্রব্যের থেকে (বাস্তবে বিশেষ পার্থক্য নাও থাকতে পারে।

দ্রব্য প্রভেদকরণ

- কৃত্রিম প্রভেদকরণ — বিজ্ঞাপন, Brand Name, Packaging -এর পার্থক্যের মাধ্যমে ক্রেতাদের মনে পৃথক ধারণার সৃষ্টি।
- বাস্তব প্রভেদকরণ — উপকরণের গুণগতমানের পার্থক্য, বিক্রয়ের পরবর্তী পরিষেবার পার্থক্য ইত্যাদির মাধ্যমে প্রভেদকরণ।

## □ একচেটিয়ামূলক প্রতিযোগিতায় বাজারে ফার্মের স্বল্পকালীন ভারসাম্য —

এই বাজারে প্রতিটি বিক্রেতারই মূল উদ্দেশ্য হল মুনাফা সর্বোচ্চ করা। এই বাজারে স্বল্পকালে মুনাফা সর্বোচ্চকরণের শর্তগুলি হল —

① ভারসাম্য বিক্রয়স্তরে বিক্রেতার প্রান্তিক বিক্রয়লব্ধ আয় (MR) = প্রান্তিক উৎপাদন ব্যয় (MC)

② ভারসাম্য বিক্রয়স্তরে MC-এর পরিবর্তনের হার MR-এর পরিবর্তনের হারের তুলনায় বেশি হয়।

অতিরিক্ত ③

③ ভারসাম্য বিক্রয়স্তরে অনুমিত বা পরিকল্পিত বিক্রয়ের পরিমাণ ও প্রকৃত বিক্রয়ের পরিমাণ পরস্পর সমান হয়।

Fig-a অনুযায়ী Ad হল প্রতিটি ফার্মের অনুমিত চাহিদা রেখা ও DD হল প্রকৃত বিক্রয় রেখা। অনুমিত চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ অনুমিত প্রান্তিক রেখাটি হল MR রেখা।





Fig – a

Fig-a অনুযায়ী E বিন্দুতে ফার্মের MC রেখা MR রেখাকে নীচে থেকে ছেদ করেছে। E বিন্দু অনুযায়ী বিক্রয়ের পরিমাণ $OQ_0$। $OQ_0$ বিক্রয়স্তরে ও $OP_0$ দামে অনুমিত বিক্রয় ও প্রকৃত বিক্রয়ের পরিমাণ পরস্পর সমান (Fig-a অনুযায়ী Point F)।

অর্থাৎ $OQ_0$ বিক্রয়স্তরে ভারসাম্যের তিনটি শর্তই পালিত হয়েছে।

∴ ভারসাম্য বিক্রয়ের পরিমাণ = $OQ_0$.

ভারসাম্য দাম = $OP_0$.

TR = □ $OP_0FQ_0$.

TC = □ $OC_0GQ_0$.

অতিরিক্ত মুনাফা, $\pi$ = □ $C_0P_0FG$.

## □ একচেটিয়ামূলক প্রতিযোগিতার বাজারে ফার্মের দীর্ঘকালীন ভারসাম্য

স্বল্পকালে যদি প্রতিটি ফার্ম অতিরিক্ত মুনাফা অর্জন করে, তবে দীর্ঘকালে অতিরিক্ত মুনাফার আশায় অন্যান্য ফার্ম বাজারে প্রবেশ করবে। [যেহেতু এই বাজারে ফার্মের প্রবেশের উপর বিশেষ কোনো বাধানিষেধ নেই], বাজারে নতুন ফার্মের প্রবেশের ফলে বর্তমান দামে বাজারে মোট বিক্রয়ে প্রত্যেক ফার্মেরই নিজ নিজ অংশ হ্রাস পাবে, ফলে প্রকৃত বিক্রয়রেখা বামদিকে স্থানান্তরিত হবে, তখন বিক্রয় বৃদ্ধির জন্য বিক্রেতাদের মধ্যে দাম প্রতিযোগিতা শুরু হতে পারে অর্থাৎ বিক্রেতারা দাম কমিয়ে বিক্রয় বাড়াতে চাইবে।





Fig - b

[Note:- যদি দ্রব্যের দামে কোনো পরিবর্তন না ঘটিয়ে বিক্রেতারা বিজ্ঞাপন, Packaging, Brand Name ইত্যাদির মাধ্যমে বিক্রয় বাড়াতে চায় তাকে দামবহির্ভূত প্রতিযোগিতা বলে।]

5/10

দাম প্রতিযোগিতার ফলে প্রতিটি ফার্মের অনুমিত চাহিদা রেখা অপেক্ষাকৃত নীচে সরে আসবে। এই দাম প্রতিযোগিতায় যদি দাম গড় ব্যয় অপেক্ষা কমে যায়, তবে ক্ষতির সম্মুখীন হয়ে কিছু ফার্ম বাজার ত্যাগ করবে, ফলে বাজারে বিক্রয়ের অংশ নির্দেশকারী চাহিদারেখা ডানদিকে সরে আসবে। প্রতিটি ফার্ম তখন বুঝতে পারবে তারা একই দামে পূর্বের তুলনায় অধিক দ্রব্য বিক্রয় করতে পারবে, ফলে অনুমিত চাহিদারেখা উপরে সরতে থাকে।

এই প্রক্রিয়া ততক্ষণ চলতে থাকবে যতক্ষণ না দীর্ঘকালীন ভারসাম্য অর্জিত হবে, অর্থাৎ অনুমিত চাহিদা রেখা LAC রেখার স্পর্শক হবে এবং প্রকৃত বিক্রয় রেখা ঐ স্পর্শবিন্দু দিয়ে LAC ও অনুমিত চাহিদারেখাকে ছেদ করবে।

(Fig-b অনুযায়ী Point F)।

দীর্ঘকালীন ভারসাম্য স্তরে,

① প্রতিটি ফার্মের অনুমিত MR = LMC

② LMC-এর পরিবর্তনের হার > MR-এর পরিবর্তনের হার।

③ P = LAC > LMC = MR

④ অনুমিত বিক্রয়ের ~~পরিমাণ~~ পরিমাণ = প্রকৃত বিক্রয়ের পরিমাণ।

দীর্ঘকালীন ভারসাম্য অবস্থায়,

$$P = LAC$$

$$\therefore P.Q = LAC.Q$$

$$\Rightarrow TR = TC$$

$$\because \pi = TR - TC = 0$$

∴ দীর্ঘকালে ফার্ম শুধুমাত্র স্বাভাবিক মুনাফা অর্জন করে। অতিরিক্ত মুনাফা (TR−TC)-এর পরিমাণ '0', ফার্মের স্বাভাবিক মুনাফা TC-এর মধ্যেই অন্তর্ভুক্ত থাকে।

Fig-6 অনুযায়ী $OQ_0$ হল দীর্ঘকালীন ভারসাম্য বিক্রয় (চিঃ 6/10) পরিমাণ, এই বিক্রয়স্তরে ভারসাম্যের প্রতিটি শর্ত পালিত হয়েছে।

ভারসাম্য বিক্রয়ের পরিমাণ = $OQ_0$

ভারসাম্য দাম = $OP_0$

TR = TC = □$OP_0FQ_0$ [∵ P = LAC = $FQ_0$]

একচেটিয়ামূলক প্রতিযোগিতার ফার্মের দীর্ঘকালীন ভারসাম্য অবস্থাকে উদ্বৃত্ত উৎপাদন ক্ষমতার সাথে ভারসাম্য (Equilibrium with excess capacity) বলা হয়। কারণ— এই বাজারে উৎপাদন ক্ষমতার পূর্ণ ব্যবহার হয় না। উৎপাদন ক্ষমতার পূর্ণ ব্যবহার হলে উৎপাদনের পরিমাণ হত $OQ_1$। যেখানে LAC সর্বনিম্ন (G বিন্দুতে)।

উদ্বৃত্ত উৎপাদন ক্ষমতা = $Q_0Q_1$।

## Oligopoly Market (অলিগোপলি বাজার)

যখন অতি অল্প সংখ্যক বিক্রেতা মিলিতভাবে নিয়ন্ত্রণ করে তাকে অলিগোপলি বাজার বলে।

(A market with few sellers is called an oligopoly market).

যখন বাজারে মাত্র দুজন প্রতিদ্বন্দ্বী থাকে তাকে ডুয়োপলি বাজার বলে।

(When there are only two firms in the market is called Duopoly Market).

# অলিগোপলি বাজার (Oligopoly Market)

- **দ্রব্যের প্রকৃতি অনুযায়ী (Based on type of products).**
  - বিশুদ্ধ অলিগোপলি (Pure oligopoly)
    ফার্মগুলি সমজাতীয় দ্রব্য বিক্রয় করে। (Firms are selling homogeneous goods)
  - বিভেদীকৃত অলিগোপলি (Differentiated oligopoly)
    ফার্মগুলি বিভেদকৃত দ্রব্য বিক্রয় করে। (Firms are selling differentiated products).

- **ফার্মগুলির পারস্পরিক নির্ভরশীলতা অনুযায়ী (Based on dependency among the firms.)**
  - যোগসাজশমূলক অলিগোপলি (Collusive Oligopoly)
    ফার্মগুলির মধ্যে উৎপাদন ও দাম সংক্রান্ত যোগসাজশ রয়েছে। (There is collusion among the firms regarding production and price) (Eg. OPEC)
  - যোগসাজশহীন অলিগোপলি (Non-collusive Oligopoly)
    ফার্মগুলির মধ্যে উৎপাদন ও দাম সংক্রান্ত কোনো যোগসাজশ থাকেনা। (No collusion among the firms)
    → সুইজির প্রদত্ত অলিগোপলি মডেল (Sweezy's Oligopoly Model).

□ উৎপাদনের মূল্য নির্ধারণ (Factor Pricing)

বন্টনের প্রান্তিক উৎপাদনশীলতার তত্ত্ব (Marginal Productivity theory of distribution) →

কোনো কারবারি সর্বাধিক মুনাফা অর্জনের উদ্দেশ্যে ততক্ষণ পর্যন্ত উপাদান (যেমন শ্রমিক) নিয়োগ করবে যেখানে,

(i) উপাদানটির প্রান্তিক উৎপাদনমূল্য (VMP) = উপাদানটির গড় দাম (W)

(ii) VMP ক্রমহ্রাসমান,

In order to maximize its profit, a firm will employ a factor (say labour) upto the point where,

(i) Value of Marginal Product (VMP) = Average factor cost (W)

(ii) VMP is decreasing.

□ ব্যক্তিগত শ্রমের যোগান রেখা পশ্চাদমুখী হয়।
(Individual labour supply curve is backward bending).

□ অর্থনৈতিক খাজনা = উপাদানটির বর্তমান আয় − উপাদানটির বিকল্প আয়।

Economic rent = Actual earning of the factor − Transfer earning.

□ রিকার্ডোর তত্ত্ব অনুযায়ী দুটি উৎসে খাজনার সৃষ্টি হয়,

— দুষ্প্রাপ্যতাজনিত খাজনা
— পার্থক্যমূলক খাজনা

According to ricardo there are two reasons behind the creation of rent.

— Scarcity rent
— Differential rent.

## শ্রমের বাজারে অপূর্ণ প্রতিযোগিতার উপস্থিতিতে মজুরির হার নির্ধারণ →

যদি শ্রমের বাজারে পূর্ণ প্রতিযোগিতা থাকে, প্রতিটি শ্রমিক একটি নির্দিষ্ট মজুরি পায় এবং সেই মজুরিতে সকল শ্রমিক কাজ করতে প্রস্তুত থাকে। ফলে গড় ও প্রান্তিক মজুরি পরস্পর সমান হয়। কিন্তু অপূর্ণ প্রতিযোগিতার ক্ষেত্রে শ্রমিকের যোগান রেখা ঊর্ধ্বমুখী ও গড় মজুরি ক্রমবর্ধমান হয়, যখন গড় মজুরি ক্রমবর্ধমান প্রান্তিক মজুরির মান গড় মজুরির থেকে বেশী, অর্থাৎ অপূর্ণ প্রতিযোগিতার বাজারে, প্রান্তিক মজুরি রেখা গড় মজুরি রেখার ওপরে থাকে।

মুনাফা সর্বোচ্চকরণের জন্য সেই বিন্দু পর্যন্ত শ্রমিক নিয়োগ করা হবে, যেখানে শ্রমিকের প্রান্তিক উৎপাদন আয় ($MRP_L$) এবং প্রান্তিক মজুরি (MW) পরস্পর সমান হবে।





Fig – 1

MW = প্রান্তিক মজুরি
AW = গড় মজুরি
$MRP_L$ = প্রান্তিক আয় উৎপাদন।

যতক্ষণ অবধি $MRP_L$-এর মান MW-এর থেকে বেশী শ্রমিক নিয়োগ করা লাভজনক হবে। Fig-1 অনুযায়ী AW ও MW উভয় রেখা ঊর্ধ্বমুখী, অর্থাৎ অতিরিক্ত পরিমাণ শ্রমিক নিয়োগ করার জন্য অধিক হারে মজুরি প্রদান করতে হবে। $MRP_L$ রেখাটি নিম্নমুখী, $MRP_L$ এবং MW রেখাদুটি পরস্পরকে E বিন্দুতে ছেদ করেছে, যেখানে শ্রমিক নিয়োগের পরিমাণ ON, সেক্ষেত্রে গড় মজুরি মূল্য CN বা OW, অর্থাৎ ভারসাম্য মজুরির হার OW বা CN এবং ভারসাম্য শ্রমিক নিয়োগের পরিমাণ ON।

আমরা জানি, শ্রমিকের বাজারে পূর্ণ-প্রতিযোগিতা থাকলে, মজুরির হার ও $MRP_L$-এর মান সমান হয়, অর্থাৎ শ্রমিকের বাজারে পূর্ণ প্রতিযোগিতা থাকলে, Fig-1 অনুযায়ী মজুরির হার হত EN। কিন্তু অপূর্ণ প্রতিযোগিতার ক্ষেত্রে মজুরির হার হল CN, যা প্রান্তিক আয় উৎপাদন ($MRP_L$) অপেক্ষা EC পরিমাণ কম।

$MRP_L$ এবং গড় মজুরির এই পার্থক্যকে শ্রমিকের শোষণ বা Exploitation of labour বলা হয়।

পূর্বের আলোচনায় দ্রব্যের বাজারে পূর্ণপ্রতিযোগিতা রয়েছে বলে অনুমান করা হয়েছিল, যার ফলে $P = MR$ এবং $VMP_L = MRP_L$ হয়েছে। এখন ধরা যাক, দ্রব্যের বাজারেও অপূর্ণ প্রতিযোগিতা বা একচেটিয়া পূর্ণ প্রতিযোগিতা রয়েছে। অতএব এক্ষেত্রে এখন,

$P > MR$ এবং $P \times MPP_L > MR \times MPP_L$

$\Rightarrow VMP_L > MRP_L$





Fig-2

$VMP_L$ = শ্রমিকের প্রান্তিক উৎপাদনের মূল্য

$MRP_L$ = অতিরিক্ত একজন শ্রম নিয়োগের ফলে প্রান্তিক আয় উৎপাদন

MW = প্রান্তিক মজুরি

AW = গড় মজুরি।

এবং $VMP_L$ রেখাটি $MRP_L$ রেখার উপরে থাকবে। Fig-2 অনুযায়ী ভারসাম্য বিন্দু হল E, অর্থাৎ ON হল ভারসাম্য শ্রমিক নিয়োগের পরিমাণ, ভারসাম্য মজুরির হার হল OW বা CN, কিন্তু ON পরিমাণ শ্রমিক নিয়োগ করলে, $VMP_L$-এর পরিমাণ হয় DN, যেখানে শ্রমিকের প্রাপ্ত মজুরি হল CN। অতএব CD শ্রমিক শোষণের পরিমাণ বা Exploitation of Labour.

আমরা লিখতে পারি, CD = CE + ED। CE পরিমাণ কম-মজুরি পাওয়ার কারণ হল শ্রমিকের বাজারে অপূর্ণ প্রতিযোগিতা [যদি একটিমাত্র ফার্ম শ্রমিক নিয়োগ করে অর্থাৎ বাজারে শ্রমিকের একজন মাত্র ক্রেতা থাকে তখন, CE হল ক্রেতাএকচেটিয়া শোষণ Monopsonistic Exploitation]। ED পরিমাণ কম মজুরি পাওয়ার কারণ হল দ্রব্যের বাজারে অপূর্ণ প্রতিযোগিতা, [যদি দ্রব্যের বাজারে মাত্র একজন বিক্রেতা থাকে, ED হল একচেটিয়া শোষণ বা Monopolistic Exploitation] অর্থাৎ এক্ষেত্রে Double exploitation দেখা যায়,

প্রথম ক্ষেত্রে (CE) শ্রমিকরা তাদের শ্রম বিক্রয়ের ক্ষেত্রে কম দাম পেয়ে শোষিত হচ্ছে।

দ্বিতীয় ক্ষেত্রে (ED) শ্রমিকরা দ্রব্যের বাজারে বেশী দাম দিয়ে দ্রব্য কিনছে।

মুনাফা সংক্রান্ত অন্যান্য তত্ত্বগুলি হল —

① Rent theory of profit —

অধ্যাপক walker হলেন এই তত্ত্বের প্রবক্তা, এই তত্ত্বের মূল বিষয়বস্তু হল যে উদ্যোক্তা মুনাফা অর্জন করে তার দক্ষতা ও ক্ষমতার পুরস্কারস্বরূপ। খাজনার তত্ত্ব অনুযায়ী যেমন জমির উর্বরতার পার্থক্য খাজনার পার্থক্য সৃষ্টি করে তেমনই উদ্যোক্তার দক্ষতার মাত্রা তার মুনাফা নির্ধারণ করবে। উচ্চ দক্ষতাসম্পন্ন উদ্যোক্তা অধিক মুনাফা অর্জন করবে।

② মুনাফা উদ্ভবের ক্ষেত্রে একচেটিয়া ক্ষমতার তত্ত্ব —

এই তত্ত্ব অনুযায়ী, দীর্ঘকালে মুনাফার সৃষ্টি হয় বাজারে অপূর্ণ প্রতিযোগিতার কারণে। পূর্ণ প্রতিযোগিতার বাজারে দীর্ঘকালে কোনো প্রকার অতিরিক্ত মুনাফা থাকে না, শুধুমাত্র স্বাভাবিক মুনাফা থাকে।

③ মুনাফার প্রান্তিক উৎপাদনশীলতার তত্ত্ব —

এই তত্ত্ব অনুযায়ী, উৎপাদনের অন্যান্য উপাদানের মতোই, উদ্যোক্তার মুনাফাও তার প্রান্তিক আয় উৎপাদনশীলতার উপর নির্ভর করেই স্থির হওয়া উচিত। উদ্যোক্তার উপস্থিতি ও অনুপস্থিতিতে সমাজে মোট উৎপাদনের যে পার্থক্য লক্ষ্য করা যায় সেই পার্থক্যই হল উদ্যোক্তার প্রান্তিক উৎপাদনশীলতা।

④ Dynamic theory of profit —

J.B. Clark এই তত্ত্বটি উপস্থাপন করেছেন। এই তত্ত্ব অনুযায়ী, শুধুমাত্র একটি প্রগতিশীল সমাজেই মুনাফার সৃষ্টি হয়। একটি প্রগতিশীল সমাজে (dynamic society) জনসংখ্যা, মূলধনের পরিমাণ, উৎপাদন স্তর, মানুষের রুচি ও পছন্দ ইত্যাদি সর্বদা পরিবর্তনশীল। একটি স্থিতিশীল অর্থনীতিতে এই সকল চলরাশিগুলি অপরিবর্তিত থাকে, তাই স্থিতিশীল অর্থনীতিতে মুনাফার সৃষ্টি হয় না।

⑤ Labour exploitation theory —

Karl Marx -এর তত্ত্বটি দিয়েছেন। এই তত্ত্ব অনুযায়ী শ্রম-ই হল একমাত্র উৎপাদনশীল উপাদান। শুধুমাত্র শ্রমই একটি উৎপাদন প্রক্রিয়ায় মূল্য এবং উদ্বৃত্ত সৃষ্টি করতে পারে। শ্রমিকের কারণেই উৎপাদন প্রক্রিয়ায় উদ্বৃত্তের সৃষ্টি হয় যা পুঁজিবাদী শ্রেণি তাদের মালিকানাসত্ত্বের বলে নিজেদের অধিকারভুক্ত করে। অর্থাৎ এই তত্ত্ব অনুযায়ী শ্রমিক শ্রেণিকে শোষণের ফলেই মুনাফার সৃষ্টি হয়।

☐ Sample MCQs:

(1) একজন একচেটিয়া কারবারি (A monopolist is) —
(a) দাম গ্রহণকারী (Price taker) ☐
(b) দাম নির্ধারণকারী (Price Maker) ☑
(c) (a) ও (b) উভয়েই (~~beath~~ both (a) and (b)) ☐
(d) কোনোটিই নয় (None of the above) ☐

(2) একচেটিয়া ক্ষমতার ~~শূন্য~~ শূন্য হয় যখন (Monopoly Power is zero when) —
(a) P = MC ☑ (b) P > MC ☐
(c) MC > P ☐ (d) MR > P ☐

(3) একচেটিয়ামূলক প্রতিযোগিতার ধারণাটি দিয়েছেন (The concept of Monopolistic competition has been given by) —
(a) লার্নার (Lerner) ☐
(b) চেম্বারলিন (Chamberlin) ☑
(c) হিক্স (Hicks) ☐
(d) মার্শাল (Marshall) ☐

(4) পূর্ণপ্রতিযোগিতার বাজার ও একচেটিয়া বাজারের মিশ্র রূপটি হল (The combined form of perfect competition and Monopoly is) —
(a) অলিগোপলি (Oligopoly) ☐
(b) ডুয়োপলি (Duopoly) ☐
(c) ~~Mor~~ একচেটিয়ামূলক পূর্ণ প্রতিযোগিতা (Monopolistic Competition) ☑
(d) কোনোটিই নয় (None of the above) ☐

(5) প্রান্তিক উৎপাদনের মূল্য (VMP) হল (The value of Marginal product is) ——

(a) VMP = MPP × MR ☐

(b) VMP = MPP × P ☑

(c) VMP = MPP ÷ P ☐

(d) VMP = MPP − P ☐

(6) শ্রমের ব্যক্তিগত যোগান রেখা (Individul supply curve of Labour is) ——

(a) ঊর্দ্ধমুখী (Upward rising) ☐

(b) নিম্নমুখী (Downward sloping) ☐

(c) পশ্চাদমুখী (Backward bending) ☑

(d) অনুভূমিক হয় (Horizontal) ☐

# Indian Economy

- ভারতীয় অর্থনীতিকে মিশ্র অর্থনীতি বলা হয়, কারণ এখানে ধনতান্ত্রিক অর্থনীতি ও সমাজতান্ত্রিক অর্থনীতি উভয়েরই বৈশিষ্ট্য বর্তমান,

Indian economy is a mixed economy because the features of both capitalist economy and socialist economy are present here.

- ভারতের জাতীয় আয়ে ক্ষেত্রগত বণ্টন
  - প্রাথমিক ক্ষেত্র (কৃষি, বনজ সম্পদ আহরণ মৎস্য চাষ, খনিজ উত্তোলন ইত্যাদি)
  - মাধ্যমিক ক্ষেত্র (সকল প্রকার শিল্পোৎপাদন)
  - তৃতীয় বা পরিষেবা ক্ষেত্র (বাণিজ্য, পরিবহন ও যোগাযোগ, ব্যাংকিং ইত্যাদি)

Sectoral composition of national income
- Primary sector (Agriculture, forestry, fishing, mining).
- Secondary sector (Different industries)
- Third or tertiary sector (Trade, Transport and communication, banking etc.)

- ভারতে অর্থনৈতিক সংস্কার কর্মসূচি —
  1991 সালে ভারতে যে অর্থনৈতিক কর্মসূচি নেওয়া হয় তার মূল তিনটি স্তম্ভ হল — (i) অর্থনৈতিক উদারীকরণ
  (ii) বেসরকারিকরণ
  (iii) বিশ্বায়ন.

Economic ~~ref~~ reform policy in India —

The main three tenets of economic reform policy undertaken in India in 1991, are —

(i) Economic Liberalisation.

(ii) Privatisation.

(iii) Globalisation.

□ কৃষিক্ষেত্রে উৎপাদনের শক্তি বৃদ্ধির উপায় —

(i) প্রতিষ্ঠানগত সংস্কার → ভূমি সংস্কার কর্মসূচি গ্রহণ।

(ii) প্রকৌশলগত সংস্কার → উচ্চফলনশীল বীজ, রাসায়নিক সার, কীটনাশক, কৃষিতে উন্নত যন্ত্রপাতি ইত্যাদি ব্যবহারের মাধ্যমে ভারতে সবুজ বিপ্লবের সূচনা।

Measures to improve agricultural ~~activity~~ productivity →

(i) Institutional Reforms → Adoption of Land reform policy.

(ii) Technological Reforms → Green revolution in India through adoption of HYV seeds, chemical fertilizer, Pesticides, improved machinaries.

□ কৃষিঋণের উৎস

- প্রতিষ্ঠানগত উৎস
  - সরকার,
  - ঋণ-সমবায় সমিতি,
  - বাণিজ্যিক ব্যাংক, আঞ্চলিক গ্রামীণ ব্যাংক
- অপ্রাতিষ্ঠানিক উৎস
  - মহাজন,
  - ব্যবসায়ী,
  - ভূস্বামী, আত্মীয়স্বজন ইত্যাদি

## Sources of Agricultural Credit

**Institutional Credit**

- Government
- Cooperative Credit Societies.
- Commercial banks
- Regional rural banks

**Non-Institutional credit**

- Rural money lenders
- Traders
- Land lords
- Relatives and others

☐ বেকারত্বের বিভিন্ন ধারণা —

- ইচ্ছাকৃত ও অনিচ্ছাকৃত বেকারত্ব.
- সংঘর্ষজনিত বেকারত্ব
- কাঠামোগত বেকারত্ব.
- বাণিজ্যচক্রজনিত বেকারত্ব

Different concepts of unemployment —

- Voluntary and involuntary unemployment
- Frictional unemployment
- Structural unemployment
- Cyclical unemployment.

☐ Sample MCQs.

(1) ভারতীয় অর্থনীতি হল (Indian economy is a) —

(a) মিশ্র অর্থনীতি (Mixed economy) ☐

(b) উন্নয়নশীল অর্থনীতি (Developed economy) ☐

(c) (a) ও (b) উভয়েই (Both (a) and (b)) ☑

(d) (a) ও (b) কোনোটিই নয় (None of the (a) and (b)) ☐

(2) নীচের কোন কাজ অর্থনীতির তৃতীয় ক্ষেত্রের অন্তর্ভুক্ত? (Which of the following belongs to tertiary sector?) ——

(a) বনসৃজন (Forestry) ☐

(b) খনিজ কাজকর্ম (Mining) ☐

(c) ইঞ্জিনিয়ারিং দ্রব্য উৎপাদন (Production of ~~Enginni~~ Engineering goods) ☐

(d) পরিবহন (Transport) ☑

(3) নীচের কোনটি ভারতীয় কৃষিক্ষেত্রে প্রাতিষ্ঠানিক সংস্কারের অংশ? (Which of the following is the part of institutional reform in agriculture in India?) ——

(a) উচ্চফলনশীল বীজের ব্যবহার (use of HYV seeds) ☐

(b) উন্নত প্রযুক্তির চাষ (Farming using improved technology) ☐

(c) জমিদারি প্রথার বিলুপ্তিকরণ (Abolition of Zamindari System) ☑

(d) রাসায়নিক সার প্রয়োগ (use of chemical fertilizer) ☐

(4) ভারতে সবুজ বিপ্লবের জনক কে? (Who is the father of green revolution in India?) ——

(a) অমর্ত্য সেন (Amartya Sen) ☐

(b) এম. এস. স্বামীনাথন (M. S. Swaminathan) ☑

(c) বি. এস. মিনহাস (B.S. Minhas) ☐

(d) উপরের কেউ নয় (None of the above) ☐

(5) MSME -এর পুরো কথা হল (Full form of ~~M~~ MSME is) ______

(a) Micro, Small and Medium Enterprises ☑

(b) Medium, Small and Micro Enterprises ☐

(c) Major, Small and Medium Enterprises ☐

(d) Micro, Small and Major Enterprises ☐

(6) ভারতে প্রথম ব্যাংক রাষ্ট্রীয়করণ হয়েছিল কোন বছরে? (The first bank nationalisation in India was done in the year) ——

(a) 1966 ☐ (b) 1967 ☐

(c) 1968 ☐ (d) 1969 ☑

(7) নীচের কোন ধরনের বেকারত্ব সাধারণত গ্রামাঞ্চলে দেখা যায়? (Which kind of unemployment we can generally find in rural areas?)

(a) মুক্ত বেকারত্ব (open unemployment) ☐

(b) প্রচ্ছন্ন বেকারত্ব (Disguised Unemployment) ☐

(c) মরশুমি বেকারত্ব (Seasonal Unemployment) ☐

(d) (b) এবং (c) দুটোই (Both (b) and (c)) ☑

(8) PDS-এর পুরো কথা — (Full form of PDS is) ______

(a) Private Distribution Scheme ☐

(b) Public Distribution Scheme ☐

(c) Private Distribution System ☐

(d) Public Distribution System ☑